

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) একটি জাতীয় বেসরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে জাতীয়, আঞ্চলিক এবং সরকারী পর্যায়ে ৪০টির ও বেশী দাতা সংস্থার সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে। সংস্থাটি বাংলাদেশের ১৯টি জেলার ১১৪টি উপজেলায় দারিদ্র বিমোচনে কাজ করে আর্থ-সামাজিক উন্নয়নে বহুমাত্রিক অবদান রাখছে।

পিকেএসএফ (PKSF) এর অর্থায়নে পরিচালিত সংস্থার **Shoe Value Chain (PACE)** প্রকল্পের আওতায় মাইক্রো ও ক্ষুদ্র পাদুকাশিল্প উদ্যোক্তাদের টিকসই উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় নিম্নলিখিত পদের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : বিজনেস ডেভেলপমেন্ট অফিসার।

বেতন : সর্বসাকুল্যে মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও মোবাইল ভাতা ৮০০/- টাকা এবং প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। লেদার টেকনোলজীতে অনার্স/মাস্টার্স ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

অভিজ্ঞতা : পাদুকা শিল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে কাজ করা অথবা ভ্যালু চেইন উন্নয়ন ও প্রকল্প বাস্তবায়নে ২-৩ বছরের অভিজ্ঞতা। কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতিবেদন তৈরী ও উপস্থাপন দক্ষতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৪৫ বছর।

প্রকল্পের মেয়াদ : জুলাই ২০১৭-জুন ২০২০ পর্যন্ত।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলা।

দায়িত্ব ও কর্তব্যঃ

- ❖ ক্ষুদ্র উদ্যোক্তাদের সাথে কাজ করতে হবে।
- ❖ সার্ভিস প্রভাইডার, উদ্যোক্তা, উপকরণ সরবরাহকারী কোম্পানী, পাদুকা ফ্যাক্টরীর মেশিন সরবরাহকারী, স্থানীয় সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান ও স্থানীয় এসোসিয়েশনের দক্ষতা উন্নয়ন এবং তাদের মাঝে কার্যকরী সংযোগ স্থাপনের মাধ্যমে পাদুকা শিল্পের ক্লাস্টার উন্নয়নে ভূমিকা রাখা।
- ❖ প্রকল্প এলাকায় প্রকল্প মেয়াদে কমপক্ষে ৩০% ফ্যাক্টরীর ট্রেড লাইসেন্স, ফায়ার সেফটি, ইনসুরেন্স তৈরিতে সহায়তা করা এবং ফ্যাক্টরীগুলোকে যান্ত্রিকীকরণের আওতায় আনা। পাদুকা বর্জ্য পুনঃব্যবহারযোগ্যকরণে উদ্যোক্তা তৈরিতে কার্যকরী ভূমিকা রাখা।
- ❖ বিভিন্ন কর্মপন্থা বের করে ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসায়িক পরিকল্পনা তৈরি ও রপ্তানীযোগ্য পাদুকা তৈরিতে সহায়তা করা। প্রকল্প মেয়াদে পাদুকা উৎপাদনে উদ্যোক্তাদের ১০% খরচ কমিয়ে ৩০% উৎপাদন বৃদ্ধি করা। বাজার সংযোগের মাধ্যমে বড় প্রাতিষ্ঠানিক ক্রেতার নিকট পাদুকা বিক্রয় নিশ্চিত করা এবং পাদুকার মূল্য কমপক্ষে ১০% বাড়াতে বিভিন্ন কর্মপন্থা তৈরি করা।
- ❖ উদ্যোক্তা ও সার্ভিস প্রভাইডারদের পণ্যের মার্কেট প্রমোশনে প্রয়োজনীয় কর্মপন্থা তৈরিসহ মার্কেটিং প্লান তৈরি করা। উদ্যোক্তাদের ব্যবসার পরিসর বাড়াতে ঘনিষ্ঠভাবে কাজ করা।
- ❖ প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক অন্যান্য কর্মকাণ্ড বাস্তবায়নে কার্যকরী ভূমিকা রাখা।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি, ২ কপি সদ্য তোলা রঙ্গিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ১৮/১১/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলেও আবেদন পাঠাতে পারেন। ই-মেইলঃ hr@popibd.org। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।